



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৪২

জয়পুরহাটে বিএসটিআই'র ভ্রাম্যমাণ আদালতের জরিমানা

রাজশাহী; ০৬ ভাদ্র (২১ আগস্ট):

আজ সোমবার (২১ আগস্ট) বিএসটিআই (বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন) রাজশাহী বিভাগীয় কার্যালয়ের উদ্যোগে জয়পুরহাট জেলার পাঁচবিবি উপজেলা প্রশাসনের সহযোগিতায় উপজেলার বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আরিফা সুলতানা।

অভিযান পরিচালনাকালে নিষিদ্ধ পাকিস্তানি ব্র্যান্ড (Due, Golden pearl, New face, Goere) এর স্কিন ক্রিম বিক্রয়ের অপরাধে বিএসটিআই আইন-২০১৮ এর সংশ্লিষ্ট ধারায় পলি কসমেটিকস ও গিফট কর্নার, বিশ্বাস কমপ্লেক্স, চুড়িপট্টি নামের তিনটি প্রতিষ্ঠানকে ১০ হাজার টাকা এবং একই মার্কেটের আনোয়ারুল কসমেটিকস, আবু কসমেটিকস, সাজ্জাদ কসমেটিকস, রাজু কসমেটিকস নামের অপর চারটি দোকান হতে নিষিদ্ধ ঘোষিত ব্র্যান্ডের আনুমানিক ১০০টি স্কিন ক্রিম জব্দ করে ধ্বংস করা হয়। পাশাপাশি ব্রেড ও বিস্কুট এর মোড়কে অবৈধভাবে বিএসটিআইয়ের মানচিহ্ন ব্যবহার করার অপরাধে একই আইনের ১৫(১) ধারায়, বৈশাখী বেকারি এন্ড সুইটসকে ২৫ হাজার টাকাসহ ২টি মামলা দায়ের করে মোট ৩৫ হাজার টাকা জরিমানা করা হয়।

বিএসটিআই রাজশাহীর প্রসিকিউটর মোঃ দেলোয়ার হোসেন ফিল্ড অফিসার (সিএম) হিসেবে অভিযানের দায়িত্ব পালন করেন।

জনস্বার্থে বিএসটিআই রাজশাহী বিভাগীয় কার্যালয়ের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে জানা যায়। ##

.....

তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/১৭.৫০ ঘ.